

## 💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

১২ - গাইরুল্লাহর উদ্দেশ্যে মান্নত করা শিরক

১। আল্লাহ তাআলা এরশাদ করেছেন.

يُوفُونَ بِالنَّدْرِ. (الإنسان: ٩)

''তারা মান্নত পূরা করে'' (ইনসানঃ ৭)

২। আল্লাহ তাআলা আরো এরশাদ করেছেন,

وَمَا أَنْفَقْتُمْ مِنْ نَفَقَةٍ أَوْ نَذَرْتُمْ مِنْ نَذْرِ فَإِنَّ اللَّهَ يَعْلَمُهُ (البقرة: ٩٩٥)

"তোমরা যা কিছু খরচ করেছো আর যে মান্নত মেনেছো, তা আল্লাহ জানেন" (বাকারা : ২৭০)

৩। সহীহ বুখারীতে আয়েশা (রাঃ) থেকে বর্ণিত আছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন,

من نذر أن يطيع الله فليطيعه ومن نذر أن يعصى الله فلا يعصه.

"যে ব্যক্তি আল্লাহর আনুগত্যের কাজে মান্নত করে সে যেন তা পূরা করার মাধ্যমে তাঁর আনুগত্য করে। আর যে ব্যক্তি আল্লাহর নাফরমানীমূলক কাজে মান্নত করে সে যেন তাঁর নাফরমানী না করে।" [অথাৎ মান্নত যেন পূরা না করে।"

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়ঃ
- 🕽। নেক কাজে মান্নত পূরা করা ওয়াজিব।
- ২। মান্নত যেহেতু আল্লাহর ইবাদত হিসেবে প্রমাণিত, সেহেতু গাইরুল্লাহর জন্য মান্নত করা শিরক।
- ৩। আল্লাহর নাফরমানীমূলক কাজে মান্নত পূরণ করা জায়েয নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5088

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন